ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
১২৪/৯০/৩, ব্লক-বি, সড়ক নং-০২,
পশ্চিম ধানমন্ডি,বসিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর
www.iau.edu.bd
E-mail: iaupro.bd@gmail.com

স্মারক নং- ইআবি/জনসংযোগ, ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০২০/৪৭৮ তারিখ : ২৫-০১-২০২৬ খ্রি.

## সংবাদ বিজ্ঞপ্তি

# ইআবির অধীনে প্রফেশনাল বিএমএড এবং এমএমএড কোর্স চালু হচ্ছে

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সারাদেশের ফাজিল ও কামিল মাদরাসার শিক্ষকদের জন্য প্রফেশনাল কোর্স হিসেবে এক বছর মেয়াদী বিএমএড (ব্যাচেলর অফ মাদরাসা এডুকেশন) এবং এমএমএড (মাস্টার্স অফ মাদরাসা এডুকেশন) কোর্স চালুর সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। গত ২০ জানুয়ারি ২০২৬ তারিখ বিকেলে বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো: শামছুল আলম এর সভাপতিত্বে অনুষ্ঠিত ৪০ তম সিন্ডিকেট সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়। বিশ্ববিদ্যালয়ের দুইজন প্রো-ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ শহীদুল ইসলাম, প্রো-ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ আবু জাফর খান, ট্রেজারার এ এস এম মামুনুর রহমান খলিলী, শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্মসচিব খোদেজা খাতুন, অর্থ মন্ত্রণালয়ের যুগ্ম সচিব আবুল বাশার মুহাম্মদ আমীর উদ্দিন, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মিঞা মো: নুরুল হক, বাংলাদেশ মাদরাসা টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট এর অধ্যক্ষ প্রফেসর মাহমুদুল হকসহ সিন্ডিকেটের অন্যান্য সদস্যগণ সভায় উপস্থিত ছিলেন।

ভাইস চ্যান্সেলর বলেন, পেশাগত উন্নয়নের জন্য প্রশিক্ষণ অপরিহার্য। তাই প্রশিক্ষণের কোনো বিকল্প নাই। আমরা মাদরাসা শিক্ষক ও শিক্ষার্থীদের পেশাগত দক্ষতা, যোগ্যতা বৃদ্ধি ও আধুনিকায়নে প্রফেশনাল বিএমএড ও এমএমএড কোর্স চালুর সিদ্ধান্ত নিয়েছি। এতে মাদরাসা শিক্ষক ও শিক্ষার্থীরা কর্মক্ষেত্রে যোগ্যতার স্বাক্ষর রাখতে সক্ষম হবে।

উল্লেখ্য, বর্তমানে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে সাতটি বিষয়ে অনার্স কোর্স চালু রয়েছে। এছাড়া বিভিন্ন বিষয়ে তিন বছর মেয়াদী ফাজিল (পাস কোর্স) চার বিষয়ে দুই বছর মেয়াদী কামিল (মাস্টার্স) কোর্স ও সাত বিষয়ে এক বছর মেয়াদী কামিল(মাস্টার্স) কোর্স রয়েছে।

২৫/০১/২৬

পরিচালক
জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অনুলিপি:
১. আইসিটি শাখা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
২. অফিস নথি।

CamScanner